



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
আইসিটি শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**তুলা উন্নয়ন বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কার্যক্রম ২.২ স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ
২য় সভার কার্যবিবরণী**

সভাপতি	ড. মো: ফখরে আলম ইবনে তাবিব নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	৩০ ডিসেম্বর, ২০২৩ খ্রি:
সভার সময়	দুপুর ১২ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, সিডিবি
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জনবান্ধব ও সেবামুখী জনপ্রশাসন, স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থার গুরুত্ব তুলে ধরেন। সভার শুরুতেই ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সঠিক মূল্যায়ন নিয়ে কথা বলেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং তুলা উন্নয়ন বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) আলোকে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের ২য় সভায় বিস্তারিত আলোচনা করেন। তুলা উন্নয়ন বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সংক্রান্ত প্রতিবেদন প্রমানকসহ প্রতিমাসের ১ম সপ্তাহে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

মাঠ পর্যায়ে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ২য় সভায় সকল রিজিয়ন, জোনাল ও খামার অফিস পত্র মোতাবেক প্রমানক ও প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সভাপতি সিডিবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে বিষয়টি দ্রুত সমাপ্ত করে গাইড লাইন অনুযায়ী কাজ করার দিক-নির্দেশনা প্রদান করেন।

সভায় ২০২৩-২৪ অর্থবছরের এপিএ কর্মপরিকল্পনা কর্মসম্পাদনের বিভিন্ন সূচক তুলে ধরা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং জি.আর.এস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন করার ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র জিনিং কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২টি সভা সম্পন্ন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশাবলী অনুযায়ী সদর দপ্তর, রিজিয়ন, জোনাল ও খামারসমূহ কর্মকর্তা-কর্মচারীদেরকে নিষ্ঠা, সততা ও স্বচ্ছতার সাথে কাজ করার জন্য সকলকে অনুরোধ করেন। সভাপতি পরিবীক্ষণ ও সক্ষমতা অর্জন করার জন্য সকল স্টেকহোল্ডারগণকে দিক-নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন এর জন্য সঠিক প্রমানক যেন সুন্দরভাবে উপস্থাপিত হয় সেবিষয়ে সকলকে লক্ষ্য রাখতে হবে।

এছাড়াও পরবর্তী অভিযোগ প্রতিকার ব্যবস্থার কর্মপরিকল্পনা ফোকাল পয়েন্ট এবং বিকল্প পয়েন্ট কর্মকর্তাকে বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন।

সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. সকল আঞ্চলিক কার্যালয়, জোনাল কার্যালয় ও খামার অফিস- কে অভিযোগ প্রতিকার ব্যবস্থার প্রতিবেদন সংক্রান্ত সকল তথ্যাদি প্রমানকসহ যথাসময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। গাইড লাইন অনুযায়ী কর্মসম্পাদন করার জন্য সিডিবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিষয়টি উপ-পরিচালক, সদর দপ্তর মনিটর করবেন।

৩। সব ধরনের অভিযোগ (www.grs.gov.bd) মাধ্যমের যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে অনুপ্রেরিত করার বিষয়ে

ষ্টেকহোল্ডার সভায় অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৫-০১-২০২৪

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)


১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ১২.০৭.০০০০.১০১.২৭.০৩৫.১৭.১১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর।;
- ২। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল);
- ৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল);
- ৪। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল);
- ৫। তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
- ৬। প্রতিনিধি, কটন কানেক্ট, বাংলাদেশ;
- ৭। প্রতিনিধি, সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড;
- ৮। প্রতিনিধি, লাল তীর এগ্রো লিঃ;
- ৯। প্রতিনিধি, কটন জিনার্স এসোসিয়েশন;
- ১০। সভাপতি, বাংলাদেশ কটন এসোসিয়েশন এবং
- ১১। অফিস কপি, অত্র দপ্তর।।



১৫-০১-২০২৪

মমতাজ বেগম
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) GRS Shekholder sova 2nd 30 dec 23 attentance